রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৩১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২, ২০১৮

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪১৭—৪২৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৭৩—৯১৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬১—১৬৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৫৯—৮৫৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**পরিবহন শাখা**

**পরিপত্র**

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১২১.১৮.০২১.০৮-১৭—সরকারি যানবাহন অধিদপ্তরের গাড়িচালক এবং কারিগরি কর্মচারীদের দাপ্তরিক সাজ-পোশাকের প্রাপ্যতা যুগোপযোগীকরণের লক্ষ্যে এ বিষয়ে ইত:পূর্বে জারীকৃত সকল পরিপত্র/অফিস স্মারকসমূহ বাতিলপূর্বক সাজ-পোশাকের প্রাপ্যতা, রং ও মূল্য সরকার নিম্নরূপভাবে পুন: নির্ধারণ করেছে:

গাড়িচালক (পুরুষ)

(ক) গ্রীষ্মকালীন

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | হাফ সাফারি ০৩ সেট | প্রতি ০২ বছরের জন্য | চকলেট, ২৫০০/-টাকা (প্রতি সেট) |
| ২. | ক্যাপ ০২ টি | প্রতি ০২ বছরের জন্য | ১৫০/-টাকা (প্রতিটি) |

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৩. | জুতা ০২ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ২০০০/- টাকা (প্রতি জোড়া) |
| ৪. | স্যান্ডেল সু ০২ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৫০০/-টাকা (প্রতি জোড়া) |
| ৫. | মোজা ০৪ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৫০/- টাকা (প্রতি জোড়া) |
| ৬. | ছাতা ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | কালো, ৩০০/- (প্রতিটি) |
| ৭. | নাম ফলক ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | ১৫০/- টাকা (প্রতিটি) |

(খ) শীতকালীন

| | | | |
|---|---|---|---|
| ৮. | ফুল সাফারি ০১ সেট | প্রতি ০২ বছরের জন্য | চকলেট, ৩০০০/-টাকা (প্রতি সেট) |
| ৯. | ভি-গলা ফুল সোয়েটার ০১টি | প্রতি ০২ বছরের জন্য | নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতিটি) |

গাড়িচালক (মহিলা)

(ক) গ্রীষ্মকালীন

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | হাফ সাফারি/থ্রি পিস ০৩ সেট | প্রতি ০২ বছরের জন্য | চকলেট, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ২৫০০/-টাকা (প্রতি সেট) |
| ২. | চামড়ার জুতা ০২ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | মেরুন/কালো, ১৮০০/-টাকা (প্রতি জোড়া) |
| ৩. | চামড়ার স্যান্ডেল ০২ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | মেরুন/কালো, ১৫০০/-টাকা (প্রতি জোড়া) |
| ৪, | মোজা ০৪ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৫০/-টাকা (প্রতি জোড়া) |
| ৫. | লেডিস ছাতা ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | রঙ্গিন, ৩০০/- টাকা (প্রতিটি) |
| ৬. | নাম ফলক ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | ১৫০/-টাকা (প্রতিটি) |

(খ) শীতকালীন

| | | | |
|---|---|---|---|
| ৭. | থ্রি পিস ফুল হাতা/ফুল সাফারি ০১ সেট | প্রতি ০২ বছরের জন্য | চকলেট, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ৩০০০/-টাকা (প্রতি সেট) |
| ৮. | কার্ডিগান ০১টি | প্রতি ০২ বছরের জন্য | নেভি ব্লু, ১০০০/-টাকা (প্রতিটি) |

কারিগরি কর্মচারী

(ক) কারিগরি কর্মচারী (পুরুষ)

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | এপ্রোন ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | গ্রে কালার, ৩৫০০/- টাকা (প্রতি সেট) |
| ২. | ডাংরি ০৩ সেট | প্রতি ০২ বছরের জন্য | কালো, ২০০০/- টাকা (প্রতি সেট) |
| ৩. | ফুল প্যান্ট/ফুল শার্ট ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | প্যান্ট কালো/শার্ট আকাশী, ২০০০/-টাকা (প্রতি সেট) |
| ৪. | চামড়ার জুতা ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | কালো, অক্সফোর্ড সু, ২০০০/- টাকা (প্রতি সেট) |
| ৫. | মোজা ০৪ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৫০/- টাকা (প্রতি জোড়া) |
| ৬. | ছাতা ০১টি | প্রতি ০২ বছরের জন্য | কালো, ৩০০/- টাকা (প্রতিটি) |
| ৭. | ভি-গলা সোয়েটার ০১ টি | প্রতি ০২ বছরের জন্য | নেভি ব্লু, ১০০০/- টাকা (প্রতিটি) |
| ৮. | নাম ফলক | প্রতি ০২ বছরের জন্য | ১৫০/- টাকা (প্রতিটি) |
| ৯. | হেলমেট ১টি | প্রতি ০২ বছরের জন্য | ২৫০০/- টাকা (প্রতিটি) |
| ১০. | সেফটি গ্লাস (চশমা) ১টি | প্রতি ০২ বছরের জন্য | ১০০০/- টাকা (প্রতিটি) |
| ১১. | হ্যান্ড গ্লাভস | প্রতি ০২ বছরের জন্য | ৪০০/- টাকা (প্রতি জোড়া) |
| ১২. | মাস্ক ১ টি | প্রতি ০২ বছরের জন্য | ২০০/- টাতা (প্রতিটি) |

(খ) কারিগরি কর্মচারী (মহিলা)

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | এপ্রোন ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | গ্রে কালার, ৩০০০/- টাকা (প্রতি সেট) |
| ২. | ডাংরি ০৩ সেট | প্রতি ০২ বছরের জন্য | গাঢ় নীল, ২০০০/- টাকা (প্রতি সেট) |
| ৩. | থ্রি পিস ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | অফিস প্রধানের পছন্দ অনুযায়ী, থ্রি পিসের ডিজাইন গার্লস গাইডের ন্যায় হতে হবে, ২০০০/-টাকা (প্রতি সেট) |
| ৪. | কার্ডিগান ফুল হাতা | প্রতি ০২ বছরের জন্য | নেভি ব্লু, ১০০০/- টাকা (প্রতি সেট) |
| ৫. | চামড়ার জুতা ০২ সেট/স্যান্ডেল ০২ সেট | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৮০০/- টাকা (প্রতি সেট) |
| ৬. | মোজা ০৪ জোড়া | প্রতি ০২ বছরের জন্য | কালো, ১৫০/- টাকা (প্রতি জোড়া) |
| ৭. | ছাতা ০১টি | প্রতি ০২ বছরের জন্য | রঙিন, ৩০০/- টাকা (প্রতিটি) |
| ৮. | নাম ফলক | প্রতি ০২ বছরের জন্য | ১৫০/- টাকা (প্রতিটি) |

| নং | দাপ্তরিক পোশাকের নাম ও সংখ্যা | মেয়াদ | রং ও মূল্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৯. | হেলমেট ১টি | প্রতি ০২ বছরের জন্য | ২৫০০/- টাকা (প্রতিটি) |
| ১০. | সেফটি গ্লাস (চশমা) ১টি | প্রতি ০২ বছরের জন্য | ১০০০/- টাকা (প্রতিটি) |
| ১১. | হ্যান্ড গ্ল্যাভস | প্রতি ০২ বছরের জন্য | ৪০০/- টাকা (প্রতি জোড়া) |
| ১২. | মাস্ক ১ টি | প্রতি ০২ বছরের জন্য | ২০০/- টাতা (প্রতিটি) |

২। সাজ-পোশাক খাতের বরাদ্দ এবং একান্ত প্রয়োজন হলে সরকারি যানবাহন অধিদপ্তরকে প্রদত্ত প্রতি অর্থ বছরের সামগ্রিক সম্পদসীমার (Resource Ceiling)) মধ্যেই এ বাবদ ব্যয় সংকুলান করতে হবে।

৩। সাজ-পোশাকের ক্ষেত্রে দেশীয় টেক্সটাইল এবং দেশীয় দ্রব্য সামগ্রীকে অগ্রাধিকার দিতে হবে।

৪। অফিস সময়ে গাড়িচালক ও কারিগরি কর্মচারীদের প্রদত্ত সাজ-পোশাক পরিধান করা বাধ্যতামূলক। অন্যথায় সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কোনক্রমেই সাজ-পোশাকের অর্থ নগদায়ন করা যাবে না।

৫। সাজ-পোশাক ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

**কামরুল হাসান**
উপসচিব।

---

**বিধি অনুবিভাগ**

**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১৮-১১১**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক গাজীপুর সিটি কর্পোরেশনের স্থগিত সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ২৬ জুন, ২০১৮ তারিখ মঙ্গলবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/ কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচন এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচন এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দৌলতুজ্জামান খান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৮.১৮-১১৪**—Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশে ৩৭ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশনের চাহিদা মোতাবেক টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ৩০ জুন, ২০১৮ তারিখ শনিবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/ কর্মচারী এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচন এলাকায় নির্বাচনকালীন সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচন এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**
**ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ**
**ট্রেজারি, ডিএসএল ও ইক্যুইটি ব্যবস্থাপনা অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫(অংশ-২)-৪২**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে জনাব মুহাম্মদ আনওয়ারুল করিম, এফসিএ কে সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন সাপেক্ষে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক (মানদণ্ড নির্ধারণ বিভাগ) পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০৪ (চার) বছর অথবা বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর যেটি আগে হয়।

২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি সরকার কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং ০৭.০০.০০০০.১৪১.৩১.০৪০.১৫(অংশ-২)-৪৩**—ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১০ এর উপ-ধারা (৬) অনুসারে জনাব মোহাম্মদ মহিউদ্দীন আহমেদ, এফসিএ কে সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন সাপেক্ষে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালক (আর্থিক প্রতিবেদন পরিবীক্ষণ বিভাগ) পদে নিয়োগ প্রদান করা হলো। এ নিয়োগের মেয়াদকাল ০৪ (চার) বছর অথবা বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর যেটি আগে হয়।

২। ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ১৪ অনুযায়ী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নির্বাহী পরিচালকের পারিশ্রমিক, ভাতা, সুযোগ-সুবিধা বিধি দ্বারা নির্ধারিত হবে। বিধি প্রণীত না হওয়া পর্যন্ত তিনি সরকার কর্তৃক নির্ধারিত পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। অর্থ বিভাগের সাথে পৃথক একটি চুক্তি স্বাক্ষর সম্পাদন সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মুসলিম চৌধুরী**
সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৫ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৯.০০.০০০০.১২৩.২৪.০০২.১৮-১৮২**—বাংলাদেশ সরকারের পক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)'র সঙ্গে 'Emergency Assistance Project'-এর Grant Negotiation- এর লক্ষ্যে নিম্নোক্তভাবে বাংলাদেশ প্রতিনিধি দল গঠন করা হলঃ

| | | |
|---|---|---|
| (১) | জনাব মুহাম্মদ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (২) | জনাব মোহাম্মদ হাবিবুল কবীর চৌধুরী, যুগ্ম-সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | জনাব মোঃ মোশারফ হোসেন, যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৪) | বেগম ইসরাত জাহান তসলিম, যুগ্ম-প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৫) | জনাব মোহাম্মদ মিজানুর রহমান, অতিরিক্ত কমিশনার, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশন, কক্সবাজার | সদস্য |
| (৬) | জনাব এস, এম, জাফর সাদেক, প্রধান প্রকৌশলী (প ও প), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | সদস্য |
| (৭) | ড. রনজিৎ কুমার সরকার, পরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| (৮) | জনাব মোঃ রফিকুল হাসান, উপসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (৯) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপসচিব, এডিবি-৪, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (১০) | সৈয়দা আমিনা ফাহমীন, উপসচিব, এডিবি-৫, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (১১) | জনাব মোঃ জেহাদ উদ্দিন, উপসচিব, এডিবি-৬, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (১২) | জান্নাতুল ফেরদৌস, উপসচিব, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (১৩) | মোসাঃ রাবেয়া আকতার, উপসচিব, এডিবি-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| (১৪) | জনাব মোঃ আব্দুর রউফ, উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (১৫) | ড. শাহ্ মোঃ হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| (১৬) | মিজ তাহলীল দিলাওয়ার মুন, সিনিয়র সহকারী সচিব (ইউএন), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১৭) | জনাব মোঃ তাজুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (১৮) | জনাব মোঃ সানোয়ারুল কবির, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (১৯) | তাহমিনা তাছলীম, সিনিয়র সহকারী প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (২০) | জনাব মোঃ আলি আখতার হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (২১) | জনাব মোহাম্মদ রবিউল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| (২২) | জনাব মোঃ সাইফুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (২৩) | প্রতিনিধি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| (২৪) | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (২৫) | প্রতিনিধি, বিশ্বব্যাংক অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |

২। Negotiation-এর তারিখ, সময় ও স্থান ঃ

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ২৬ জুন ২০১৮ | সকাল ১০.০০ টা থেকে শুরু | এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি), বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম), শেরে বাংলা নগর, ঢাকা। |

৩। প্রতিনিধি দলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা আমিনা ফাহমীন**
উপসচিব।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলী**

তারিখ: ০৩ জুন ২০১৮ খ্রিঃ

নং বিচার-৭/২এন-৫২/৮৩-৩৬৬—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আইনুল ইসলাম, পিতা-মহসিনুল ইসলাম, মাতা-শামসুন্নাহার, গ্রাম-কাজিরচর, ডাকঘর-ডাংগা বাজার, উপজেলা-পলাশ, জেলা-নরসিংদী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার পলাশ উপজেলার ডাংগা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-১০/৯৯-৩৬৭—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা-কাজী মাওঃ সৈয়দ আহাম্মদ, মাতা-জহুরা খাতুন, গ্রাম-ঘাগড়া প্রধান পাড়া, ডাকঘর-ঘাগড়া লস্কর, উপজেলা-ঝিনাইগাতি, জেলা-শেরপুর এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে শেরপুর জেলার ঝিনাইগাতি উপজেলার ০৬ নং হাতীবান্ধা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং বিচার-৭/২এন-১৬/২০১২-৩৭২—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোহাম্মদ মিজানুর রহমান, পিতা-মোহাঃ আবুল বশার, মাতা-হনুফা বেগম, গ্রাম ও ডাকঘর-বড় ডালিমা, উপজেলা-বাউফল, জেলা-পটুয়াখালী এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পটুয়াখালী জেলার বাউফল উপজেলার ১৫ নং চন্দ্রদ্বীপ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**তারিখঃ ১১ জুন ২০১৮ খ্রিঃ**

নং বিচার-৭/২এন-১০৩/৮২-৩৯১—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব আব্দুল নুর, পিতা-মৃত ফরমুজ আলী, মাতা-মৃত দুলভী বিবি, গ্রাম-গঙ্গাপুর, ডাকঘর-ফেঞ্চুগঞ্জ, উপজেলা-ফেঞ্চুগঞ্জ, জেলা-সিলেট এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার ৫ নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন-১ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০২২.১৬-৮২—সরকারি চাকরি বিধিমালার "জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা" (General Principles of Seniority) এর ধারা বি-১(এ) এবং বি এবং BSR (Part-1) এবং FR-30 (15) and 55 অনুযায়ী ড. মোঃ মঈনুল ইসলাম এবং জনাব মোঃ আবুল খায়ের, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)গণকে তাদের মূল ব্যাচ ১৫তম বিসিএস এর জুনিয়র ৩(তিন) জন কর্মকর্তার পদোন্নতির তারিখ অর্থাৎ ১৭-১১-২০১৬ তারিখ হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হল। এক্ষেত্রে তারা কোন রকম আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোসাঃ সুরাইয়া বেগম**
উপসচিব।

---

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-৪ অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৮ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১২.০০.০০০০.০৫৪.২৭.০০১.১৮.০১—বিসিএস (কৃষি) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ শাহীনুল ইসলাম (পরিচিতি নং-২৬৪৮), উপজেলা কৃষি অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে তাঁর স্ত্রী বেগম সাইদা ইয়াসমিন সারা কর্তৃক দায়েরকৃত নারী ও শিশু মোকাদ্দমা নং-২৭৬/২০১৮ মামলায় বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, নেত্রকোনা কর্তৃক জামিন নামঞ্জুরপূর্বক জেল হাজতে প্রেরণ করায় বাংলাদেশ সিভিল রুলস পার্ট-১ এর ৭৩ নং বিধির টীকা-১ অনুযায়ী তাঁকে ১৫ মে ২০১৮ হতে সরকারি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্ত থাকাকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সিনিয়র সচিব।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/ ১২ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৯.০০.০০০০.০০৫.১১.১১৭.১৪-১৫০—বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (সংশোধন) আইন, ২০১৮ এর ৫(২) ধারার ক্ষমতাবলে নিম্নবর্ণিত ৩ (তিন) জন সম্মানিত অধ্যাপককে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এর বোর্ডের খন্ডকালীন সদস্য হিসেবে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলঃ

(১) অধ্যাপক ড. নজরুল ইসলাম, রসায়ন বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(২) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৩) অধ্যাপক ড. মোঃ কামরুজ্জামান, কৃষি অর্থনীতি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সুরমান আলী**
সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানী-১ শাখা**

**আদেশ**

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/ ১২ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নং **১৪.০০.০০০০.০০৮.২৭.০০৬.১৩-২৩৭**—যেহেতু, জনাব মোহাম্মদ মামুন অর রশিদ, উপবিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), সিলেট-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি"র অভিযোগে বিভাগীয় মামলা রজু করা হয়; এবং

যেহেতু, সংশ্লিষ্ট বিধিমালার বিধি/বিধানাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক জনাব মোহাম্মদ মামুন অর রশিদ, উপবিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অপরাধে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(৩)(এ) বিধি মোতাবেক ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং-১৪.০০.০০০০.০০৮.২৭.০০৬.১৩-৪৩৬ তারিখ, ১০ কার্তিক ১৪২২/ ২৫ অক্টোবর ২০১৫ মূলে তাকে তার মূল বেতন স্কেল ১৫০০০-৭০০×১৬-২৬,২০০/- টাকা হতে ১১০০০-৪৯০×৭-২০,৩৭০/- টাকার স্কেলে (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী) ০২(দুই) বছরের জন্য অবনমিত করার দন্ড দেয়া হয়; এবং

যেহেতু, উক্ত দন্ডাদেশের পরিপ্রেক্ষিতে জনাব মোহাম্মদ মামুন অর রশিদ-কে নিম্ন বেতন স্কেলে অবনমিতকরণ করা হয় এবং তিনি অবনমিতকরণ স্কেলে বেতন নির্ধারণপূর্বক বেতন-ভাতাদি আহরণ করেছেন; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ মামুন অর রশিদ-এর উপর আরোপিত দন্ডাদেশের মেয়াদকাল ০২ (দুই) বছর ইতোমধ্যে অতিবাহিত হয়েছে এবং তিনি অবনমিতকরণ স্কেলে সম্পূর্ণ মেয়াদে কর্মকাল সম্পন্ন করেছেন; এবং

যেহেতু, জনাব মোহাম্মদ মামুন অর রশিদ, এখনও অবনমিতকরণ স্কেলে কর্মরত থাকায়, তার দন্ডাদেশ প্রাপ্তির পূর্বের মূল স্কেলে অর্থাৎ জাতীয় বেতন স্কেল-২০০৯ এর ৭ম গ্রেডে ১৫,০০০-৭০০× ১৬-২৬,২০০/- টাকার স্কেল অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুরূপ ২৯,০০০-৬৩,৪১০/-টাকা স্কেলে উন্নিত করার আবেদন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ মামুন অর রশিদ এর উপর আরোপিত দন্ডাদেশের মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর অর্থাৎ ২৫ অক্টোবর, ২০১৭ তারিখ হতে তার পূর্বতন মূল স্কেল অর্থাৎ জাতীয় বেতন স্কেল-২০০৯ এর ৭ম গ্রেডে ১৫,০০০-৭০০০× ১৬-২৬,২০০/- টাকার স্কেল অনুযায়ী জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অনুরূপ ২৯,০০০-৬৩,৪১০/- টাকা স্কেলে প্রত্যাবর্তন করবেন। তিনি দণ্ডিত সময়ের কোন বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না।

**শ্যাম সুন্দর সিকদার**
সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৫/২১ জুন ২০১৮

নং **০৮.০০.০০০০.০৩৭.৬৫.০৮১.১১.৫৩৩**—যেহেতু, বেগম তামান্না শারমিন, সহকারী কর কমিশনার, কর সার্কেল-৩২ (বৈতনিক), কর অঞ্চল-২, ঢাকা তার অফিসিয়াল পাসপোর্ট এর পরিবর্তে সাধারণ পাসপোর্ট করার বিষয়ে অনাপত্তি প্রদানের জন্য এ বিভাগে আবেদন করেন। আবেদনটি এ বিভাগ কর্তৃক না মঞ্জুর হওয়া সত্ত্বেও পরবর্তীতে তিনি সরকারি আদেশ ব্যতিত কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ইটালি গমন করেন। একাজে পাসপোর্ট পরিবর্তনে ইমিগ্রেশন কর্তৃপক্ষের নিকট তিনি প্রতারণার আশ্রয় গ্রহণ করেছেন।

২। যেহেতু, বেগম তামান্না শারমিন বিগত ২২-০২-২০১৬ তারিখ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-(৩)(বি) ও বিধি-(৩)(সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (misconduct)" ও "ডিজারশন (desertion)" এর অভিযোগ আনয়নপূর্বক বিভাগীয় মামলা নং -০৩/২০১৬ রুজু করা হয় এবং একই বিধিমালার বিধি ৪(৩) অনুযায়ী কেন তাঁকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, বিধি ৭(১) অনুযায়ী লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়।

৩। যেহেতু, বেগম তামান্না শারমিন এর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরিত কারণ দর্শানো নোটিশ প্রাপক বাড়ী না থাকায় ফেরত আসে। যথাসময়ে তার বিরুদ্ধে জারিকৃত কারণ দর্শানো নোটিসের জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৭(৩) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে বেগম তামান্না শারমিন এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-(৩)(বি) ও বিধি-(৩)(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (misconduct)" ও "ডিজারশন (desertion)" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) মোতাবেক কেন তাকে চাকরি হতে অপসারণ (Removal from Service) দন্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিস বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে জারি করা হয়। "প্রাপক বিদেশ থাকায় ফেরত" ডাক বিভাগের মতামতসহ নোটিসটি ফেরৎ আসে।

৪। যেহেতু, বেগম তামান্না শারমিন গত ০১-০৮-২০১১ তারিখে সহকারী কর কমিশনার পদে যোগদান করেন এবং তার চাকরি এখনো স্থায়ী হয়নি।

৫। যেহেতু, বেগম তামান্না শারমিন এর নিয়োগ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০ জুলাই, ২০১১ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০০৩.১১-২১৭ সংখ্যাক প্রজ্ঞাপনের (গ) অনুচ্ছেদের শর্ত অনুযায়ী "তাঁকে ২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে।"

৬। যেহেতু বেগম তামান্না শারমিন, সহকারী কর কমিশনার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও বিধি ৩(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "ডিজারশন (Desertion)" এর অভিযোগ প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে এবং সহকারী কর কমিশনার হিসেবে তার চাকরি স্থায়ী না হওয়ায় তার নিয়োগপত্রের শর্ত অনুযায়ী তাকে চাকরি হতে অপসারণ (Removal from service) করার গুরুদন্ড প্রদানের প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২১-০৫-২০১৮ তারিখে সানুগ্রহ অনুমোদন করেছেন।

৭। সেহেতু, বেগম তামান্না শারমিন, সহকারী কর কমিশনার, কর সার্কেল-৩২ (বৈতনিক), কর অঞ্চল-২, ঢাকা-কে চাকরি হতে অপসারণ (Removal from service) করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

---

**শাখা-১ (প্রশাসন)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫/৫ জুন ২০১৮

**নং ০৮.০০.০০০০.০৩৬.১৬.০৭৫.১৬.২৯৮**—ইস্তাম্বুল কর্ম-পরিকল্পনা (Istambul Programme of Action-IPoA) বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির বিষয়ে তথ্য/প্রতিবেদন প্রদানের স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ নূরুজ্জামান, যুগ্ম সচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সভাপতি |
| ২. | মিজ সুরাইয়া পারভীন শেলী, উপ সচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |
| ৩. | জনাব ডা. মোঃ হামিদুল হক, উপ সচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ০৮.০০.০০০০.০৩৯.৭২.০০২.১৬(অংশ-২).২৯৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের SDG কার্যক্রম সুচারুরূপে চালু রাখার স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ নূরুজ্জামান, যুগ্ম সচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা | ফোকাল পয়েন্ট |
| ২. | জনাব মোঃ সানোয়ারুল কবীর, উপপরিচালক | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৩. | জনাব মোঃ মিজানুর রহমান, উপপরিচালক | জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | জনাব ডা. মোঃ হামিদুল হক, উপ সচিব | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা | সদস্য সচিব |

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মোঃ হামিদুল হক**
উপসচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ৭ আষাঢ় ১৪২৫/২১ জুন ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭.৩৮১**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ১০(১)(ঙ) এবং ১০(৩) ধারার প্রদত্ত ক্ষমতা বলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি হিসেবে সাবেক যুগ্ম সচিব সৈয়দা নুরুন নাহার এর পরিবর্তে ড. ভুবন চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব-কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.১৭.৩৮২**—বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন আদেশ, ১৯৭৩ এর ৭ ও ৮ ধারায় প্রদত্ত ক্ষমতবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সাবেক সদস্য (প্রশাসন ও অর্থ) জনাব ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব এর স্থলে জনাব মোঃ মনিরুজ্জামান যুগ্মসচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা-কে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩(তিন) বছর মেয়াদের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪২৫/২১ মে ২০১৮

**নং আর-৬/৭এন-২০/২০১৮-২০৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব কানিজ ফাতেমা, পিতা-মরহুম মোঃ নূরুল হক-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমাল ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫/২৩ মে ২০১৮

**নং আর-৬/৭এন-১৯/২০১৮-২০৫**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে লক্ষ্মীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, পিতা-মরহুম মোহাম্মদ নূরুল হুদা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমাল ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২১/২০১৮-২০৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ খলিলুর রহমান, পিতা-মরহুম মোঃ ইব্রাহীম-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমাল ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৫/২৯ মে ২০১৮

**নং আর-৬/৭এন-১৭/২০১৮-২২০**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে জামালপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শামীম আরা বেগম, পিতা-ময়েজ উদ্দিন আহাম্মেদ-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমাল ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫/৫ জুন ২০১৮

**নং আর-৬/৭এন-২২/২০১৮-২৩৬**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১(১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে কুমিল্লা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ শাহাদাত হোসেন, পিতা-মোঃ ইব্রাহীম খলিল-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-২৪/২০১৮-২৩৭**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ মনিরুজ্জামান, পিতা-মোঃ নুরুজ্জামান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সালের নোটারী বিধিমাল ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপ-সচিব (প্রশাসন-২)।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ জুন ২০১৮

**নং ৩৫.০০.০০০০.০২২.০১৫.০৭৩.২০১৩-৪৬৮**—জনাব শামসুল শাহরিয়ার ভুইয়া (৬০২৩০৭), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক উপ-বিভাগ, বরগুনা-কে গত ১১-০৬-২০১৮ তারিখে দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক গ্রেফতার করা হয়েছে মর্মে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অবহিত করার পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর বিধি ১২(১) এবং বি.এস.আর পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-(২) এর বিধান মোতাবেক ১১-০৬-২০১৮ তারিখ হতে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব শামসুল শাহরিয়ার ভুইয়া সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৫/১২ জুন ২০১৮

**নং সবিম/শা-৬/জাঃজাদু-৫/২০১১-২৫৩**—১৯৬৮ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসীলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | কালুপোল রাজার ভিটা<br>ওয়ার্ড/গ্রাম: ৬নং ওয়ার্ড<br>পৌরসভা/ইউনিয়: তিতুদহ<br>উপজেলা: চুয়াডাঙ্গা সদর<br>জেলা: চুয়াডাঙ্গা। | ৭৪ নং কালুপোল | আর,এস-১৬১<br>এস,এ-১১৪<br>সি,এস-১০৮ | আর,এস-২১৫৪<br>এস,এ-১৪২০<br>সি,এস-১৪২০ | ০.৮০<br>০.৮০<br>০.৮০ | উত্তরে-২১৫৫<br>দক্ষিণে-২২৪৮<br>পূর্ব-২১৫৩-২২৪৯<br>পশ্চিমে-২২০৮ | বদর উদ্দিন জোয়াদ্দার<br>পিং আব্দুল জোয়াদ্দার<br>আজিবর মন্ডল গং<br>পিং কালাচাঁদ ছালেহা খাতুন<br>জং খোদা বকস<br>বদর উদ্দিন গং<br>পিং মুন্সি মন্ডল<br>সর্ব সাং কালুপোল<br>মূল জমির মালিকানা:-<br>গোলাম মোস্তফা-.৫৪৭ অংশ<br>পিং মধু বিশ্বাস<br>ছমৎকার বিবি-.১১৭ অংশ<br>জং মধু বিশ্বাস<br>পরিছন নেছা-.২৭৪ অংশ<br>জং নুর মুহাম্মদ সাং নিজ<br>নবিছদ্দিন মন্ডল-.০৬২ অংশ<br>পিং হুরমত মন্ডল-.১.০০<br>সাং যাদবপুর | বিক্রয়ে সম্মত | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছানিয়া আক্তার**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**

**নির্মাণ অধিশাখা**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ জুন ২০১৮

**নং ৪৫.০০.০০০.১৫৬.৯৯.০১৯.১৮-৩৬৫**—স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' শীষক অপারেশনাল প্ল্যানের আওতায় নির্মাণাধীন চাঁদপুর জেলার হাজিগঞ্জ উপজেলার গন্ধব্যপুর (উত্তর) ইউনিয়নে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের নাম "তফুবুন্নেসা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র" গন্ধব্যপুর (উত্তর), হাজিগঞ্জ, চাঁদপুর" হিসেবে নামকরণ করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।